দামুড়হুদা উপজেলা শুমারি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

অর্থনৈতিক শুমারি বাস্তবায়ন উপলক্ষে দামুড়হুদা উপজেলা শুমারি স্থায়ী কমিটির অবহিতকরণ সভা উপজেলা নির্বাহী অফিসার মমতাজ মহলের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২০ নভেম্বর) সকাল ১১ টার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের যৌথ আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়িত অর্থনৈতিক শুমারি-২০২৪ উপলক্ষে মাঠ পর্যায়ে মূল তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পর্কে উপজেলা শুমারি সংক্রান্ত বিষয়ক সার্বিক দিক নিয়ে সভায় অবহিত করেন উপজেলা পরিসংখ্যান কার্যালয় অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মো:শরিফুল ইসলাম।

আগামী ১০ ডিসেম্বর থেকে ২৬ ডিসেম্বর পর্যন্ত তথ্য সংগ্রহ কার্যক্রম চলবে উল্লেখ করে তিনি বলেন,সারাদেশের ন্যায় আমাদের দামুড়হুদা উপজেলাতেও অর্থনৈতিক শুমারি সম্পূর্ণ ডিজিটাল পরিচালিত করা হবে।এতে অর্থনৈতিক প্রতিষ্ঠান সহ অর্থনৈতিক কর্মকাণ্ড ও খানা(পরিবার) এর তথ্য সংগ্রহ করা হবে। এবারে আমাদের উপজেলাতে জন তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার, জোনাল অফিসার সহ একজন উপজেলা শুমারি সমন্বয় দায়িত্ব পালন করবেন। এজন্য উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ মোঃ হুমায়ূন কবির, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজ্জোহা পলাশ, সাংগঠনিক সম্পাদক মোঃ রকিবুল হাসান তোতা, সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ হুসনে জাহান, প্রাণী সম্পদ কর্মকর্তা মোছাঃ লিলিমা আক্তার হ্যাপি, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন,কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস,নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী,নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল

ইসলাম, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন প্রমুখ।